রেজিস্টার্ড নং ডি এ-১ "জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক"

বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, জুন ১৪, ২০২২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(আয়কর)

প্রজ্ঞাপন

তারিখ : ২৫ জ্যৈষ্ঠ, ১৪২৯ বঙ্গাব্দ/০৮ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ

এস. আর. ও. নং ১৮৫-আইন/আয়কর/২০২২।—সরকার, Income-tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984), অতঃপর উক্ত Ordinance বলিয়া উল্লিখিত, এর Section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে, বাংলাদেশ থ্যালাসিমিয়া ফাউন্ডেশনকে, এই প্রজ্ঞাপন জারির তারিখ হইতে পরবর্তী ৫ (পাঁচ) বৎসরের জন্য, উক্ত ফাউন্ডেশনের স্বাস্থ্য সেবা হইতে উদ্ভূত আয় ও প্রাপ্ত দান বা অনুদানকে উক্ত Ordinance এর অধীন আরোপণীয় আয়কর প্রদান হইতে, নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে, অব্যাহতি প্রদান করিল, যথা:—

শর্তাবলি

(ক) এই প্রজ্ঞাপনের মাধ্যমে অব্যাহতিপ্রাপ্ত আয় কেবল বাংলাদেশ থ্যালাসিমিয়া ফাউন্ডেশনের কাজে ব্যয়িত হইবে;

(খ) উক্ত ফাউন্ডেশনকে উক্ত Ordinance এর section 35 অনুযায়ী যথাযথ হিসাব সংরক্ষণ করিতে হইবে;

(গ) উক্ত ফাউন্ডেশনকে উক্ত Ordinance এর section 75, 75A, 108 এবং 108A অনুযায়ী আয়কর রিটার্ন, সার্টিফিকেট, বিবরণী বা তথ্য নির্ধারিত সময়ের মধ্যে সংশ্লিষ্ট আয়কর কর্তৃপক্ষের নিকট দাখিল করিতে হইবে;

মূল্য : টাকা ৪.০০

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

(ঘ) উক্ত ফাউন্ডেশন কর্তৃক পরিচালিত থ্যালাসিমিয়া ফাউন্ডেশন হাসপাতালের মোট বেডের ১০ (দশ) শতাংশ বেড দরিদ্র রোগীদের বিনামূল্যে চিকিৎসার জন্য সংরক্ষিত রাখিতে হইবে এবং এতদ্‌বিষয়ে প্রদত্ত সেবার হালনাগাদ তথ্য উক্ত হাসপাতালের নোটিশ বোর্ডে দৈনিক প্রদর্শন করিতে হইবে; এবং

(ঙ) উক্ত হাসপাতালের দৃশ্যমান স্থানে এই প্রজ্ঞাপনের স্পষ্ট মুদ্রিত কপি প্রদর্শন করিতে হইবে।

২। এই প্রজ্ঞাপন অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

আবু হেনা মোঃ রহমাতুল মুনিম
সিনিয়র সচিব।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com